দৈনিক
ইনকিলাব

তারিখ ... 12 JUN 2010 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# রাজধানীতে ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠায় খাসজমি বরাদ্দ সম্পর্কে সংসদীয় কমিটি

সংসদ রিপোর্টার ঃ ঢাকা মেট্রোপলিটন এলাকায় ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার লক্ষ্যে খাসজমি বরাদ্দের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করার সুপারিশ করেছে ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সেই সাথে কমিটি জাতীয় স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য পরিত্যক্ত জায়গা প্রদানের বিষয় উল্লেখ করে পূর্ত মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয় (রেলওয়ে) এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (ঢাকা ওয়াসা)-কে অবহিত করারও নির্দেশনা দিয়েছে। জনস্বার্থে ঢাকার ভাষাণটেক ফ্লাট নির্মাণ প্রকল্পের চুক্তিও বাতিলের সুপারিশ করেছে এই কমিটি। গতকাল জাতীয় সংসদে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি আকম মোজাম্মেল হক। বৈঠকে উপস্থিত ছিলেন কমিটির সদস্য ও মন্ত্রী মোঃ রেজাউল করিম হীরা, প্রতিমন্ত্রী মোঃ মোস্তাফিজুর রহমান, মোঃ শাহাব উদ্দিন, মতিউর রহমান, বেনজীর আহমদ এবং রনজিত কুমার রায়। বৈঠকে ঢাকার ভাষাণটেক ফ্লাট নির্মাণ প্রকল্পের চুক্তি বাতিলের সুপারিশ করা হয়। যে উদ্দেশ্যকে সামনে রেখে প্রকল্পটি নেয়া হয়েছিল তা বাস্তবায়ন না করে নিজের পছন্দমতো লোকদের ফ্লাট বরাদ্দ দেয়ার অভিযোগ ওঠায় এ সিদ্ধান্ত নেয় কমিটি। বৈঠকে উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসে দালালদের দৌরাত্ম্য বন্ধ এবং পূর্ব রেকর্ড সংরক্ষণ না করে সাধারণ মানুষের ভুগান্তি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়। ঢাকার ডেমরা এলাকায় একদিনে ৬০০ জমির খারিজ প্রদানের কারণ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়। এছাড়া বৈঠকে ঢাকার নাগরিক সুবিধার বিষয় বিবেচনা করে সামরিক প্রশিক্ষণের জন্য ঢাকার ৯১৬ দশমিক ৩৫ একর জমি ভূমি অধিগ্রহণ না করতে মন্ত্রণালয়কে সুপারিশ করা হয়।